

# শরৎ সেন্টিনারী কলেজ

শরৎ সেন্টিনারী কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রথম সেমিস্টার এ ভর্তির প্রথম মেধাতালিকা ২৮.০৮.২০২০ তারিখে প্রকাশিত হয়েছে এবং ০১.০৯.২০২০ তারিখ থেকে প্রথম মেধাতালিকা অনুযায়ী ভর্তি শুরু হয়েছে। অ্যাডমিশন নোটিশ - ১ এ বিশদে উল্লিখিত আছে কোন পর্বের ভর্তি কোন সময়ে অনুষ্ঠিত হবে।

এই বিষয়ে ইচ্ছুক ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে

১) কোনো প্রার্থী কোনো পর্বে সুযোগ পাওয়া সত্ত্বেও যদি গ্রহণ না করে তাহলে পরবর্তী পর্বে সেই বিষয়ে তার নাম বিবেচিত হবে না।

২) কোনো একটি পর্বে কোনো প্রার্থী যদি **Ranking** (ক্রম) অনুযায়ী তার পছন্দের বিষয়ে সুযোগ না পায়, কিন্তু অন্য কোনো বিষয়ে (পাস বা অনার্স) ঐ পর্বে মেধাতালিকা অনুযায়ী সুযোগ পায় তাহলে সে অন্য বিষয়টিতে ভর্তি হয়ে থাকতে পারে। যদি পরবর্তী পর্যায়ের মেধাতালিকায় তার পছন্দের বিষয়ে তার নাম থাকে, তাহলে সে নতুন বিষয়ে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে তাকে পরবর্তী পর্যায়ের ভর্তি ফি এবং আগের পর্বের ভর্তি ফি এর **difference amount pay** করতে হবে। ধরা যাক প্রথম মেরিট লিস্টে একজন মেধাতালিকায় বি.এ. জেনারেল কোর্স (B.A. Gen) এবং ফিলোসফি (Philosophy) অনার্সের মেধাতালিকায় অন্তর্ভুক্ত আছে কিন্তু ভূগোল (Geography) অনার্সের মেধাতালিকায় প্রথম লিস্টে ওয়েটিং (waiting) এ আছে। এক্ষেত্রে সে প্রথম পর্যায়ের ফিলোসফি অনার্স নিয়ে ভর্তি হলো এবং ফিলোসফি অনার্সের নির্ধারিত ফি ২০৯৫ টাকা (ধরা যাক) পেমেন্ট করল। যদি দ্বিতীয় বা পরবর্তী পর্যায়ের কোনো মেধাতালিকায় সে ভূগোল (Geography) অনার্সে সুযোগ পায় এবং ভূগোল (Geography) অনার্সের ভর্তি ফি যদি ৪৩২০ টাকা হয় তাহলে পরবর্তী পর্যায়ের তাকে (৪৩২০-২০৯৫) টাকা = ২২২৫ টাকা পেমেন্ট করতে হবে।

তেমন কেউ যদি কোনো একটি পর্বে পাস কোর্সে ভর্তি হয় ১৯০০ টাকা (ধরা যাক) দিয়ে এবং পরবর্তী পর্যায়ের মেধাতালিকা অনুযায়ী সে যদি অন্য কোনো অনার্স বিষয়ে, ধরা যাক পলিটিকাল সায়েন্স এ সুযোগ পেলো তাহলে পাস কোর্স থেকে পলিটিকাল সায়েন্স এ কনভার্ট (Convert) করার জন্য তাকে ২০৯৫-১৯০০ = ১৯৫ টাকা দিতে হবে যদি পলিটিকাল সায়েন্স এ অ্যাডমিশন ফি ২০৯৫ টাকা হয়।

৩) পাস ও অনার্স মিলিয়ে সর্বাধিক তিনবার ভর্তির সুযোগ পাওয়া যাবে।